



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
চট্টগ্রাম  
(উন্নয়ন শাখা)  
www.chittagongdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.২০০০.০৩১.২৯.০০৩.২৫. ২০৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩১  
২১ মার্চ ২০২৫

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ০২ ফেব্রুয়ারি, ২০২৫ খারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০০৫.২৫.২৫ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় চট্টগ্রাম বিভাগের অনুকূলে প্রদানকৃত বরাদ্দ হতে ফেনী জেলার জন্য বরাদ্দপ্রাপ্ত ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তসাপেক্ষে জেলা প্রশাসক, ফেনী অনুকূলে ৯(নয়)টি প্রকল্পের জন্য উপ-বরাদ্দ প্রদান করা হলো:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | প্রকল্পের নাম  | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|-----------|-----------|-------------|--|------------------------|
| ১.        | ফেনী      | দাগনভূঞা    | ভাষা শহীদ আবদুস সালাম গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর এর ভবন সংস্কার, দাগনভূঞা, ফেনী।                                       | ১,৫০,০০০/-             |
| ২.        | ফেনী      | দাগনভূঞা    | ভাষা শহীদ আবদুস সালাম গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর এর আসবাবপত্র ক্রয়, দাগনভূঞা, ফেনী।                                   | ১,৫০,০০০/-             |
| ৩.        | ফেনী      | দাগনভূঞা    | ভাষা শহীদ আবদুস সালাম গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর এর সিসি ক্যামেরা স্থাপনসহ নিরাপত্তা সরঞ্জামাদি ক্রয়, দাগনভূঞা, ফেনী। | ১,৫০,০০০/-             |
| ৪.        | ফেনী      | দাগনভূঞা    | ভাষা শহীদ আবদুস সালাম গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর এর জন্য বই ক্রয়, দাগনভূঞা, ফেনী।                                     | ১,৫০,০০০/-             |
| ৫.        | ফেনী      | পরশুরাম     | পরশুরাম উপজেলা পরিষদের জামে মসজিদের অজুখানা নির্মাণ, পরশুরাম, ফেনী।  | ৩,০০,০০০/-             |
| ৬.        | ফেনী      | ছাগলনাইয়া  | ছাগলনাইয়া গণপাঠাগারের আসবাবপত্র ক্রয়, ছাগলনাইয়া, ফেনী।  | ৩,০০,০০০/-             |
| ৭.        | ফেনী      | ফুলগাজী     | ফেনাপুস্করনী নুরে মাদিনাহ হামিউম্পুমাহ ইসলামিয়া মাদ্রাসা ও এতিমখানার মাঠ ভরাত, পোঃআমজাদহাট, ফুলগাজী, ফেনী।            | ২,৫০,০০০/-             |
| ৮.        | ফেনী      | সোনাগাজী    | চর লক্ষ্মীগঞ্জ নাজেরিয়া ফাযিল মাদ্রাসার সংস্কার ও বেঞ্চ ক্রয়, চর মজলিশপুর ইউনিয়ন, সোনাগাজী, ফেনী।                   | ৩,০০,০০০/-             |
| ৯.        | ফেনী      | ফেনী সদর    | পৌর ভূমি অফিসে সেবা প্রার্থীদের জন্য সেবা কুঞ্জ নির্মাণ, ফেনী সদর পৌরসভা, ফেনী।  | ২,৫০,০০০/-             |

মোট: ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা মাত্র

**শর্তাবলীঃ**

- ০১। এ ব্যয় ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে এবং নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।
- ০২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টি.আর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৩। বরাদ্দপ্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C. গঠন করে আনুষঙ্গিক কাজ শুরু নিশ্চিত করতে হবে। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

